দৈনিক সংবাদ

তারিখ SEP. 16 1998
পৃষ্ঠা ৬ কলাম ২

48

## এইচএসসি পরীক্ষা

# কুমিল্লায় প্রত্যন্ত গ্রামের কলেজগুলোর ব্যাপক সাফল্য

কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক ঃ কুমিল্লা শিক্ষা বোর্ডের এবারের এইচএসসির মেধা তালিকায় জেলার প্রত্যন্ত গ্রামের কলেজগুলো অভাবনীয় সাফল্য দেখিয়েছে।

বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক বিভাগে প্রতিটিতে শীর্ষ ১০টি স্থান দখল করেছে ৭৫ জন। কুমিল্লা শহর থেকে ৫০ কিলোমিটার দূরে মুরাদনগর থানার রামচন্দ্রপুরে অবস্থিত অধ্যাপক আবদুল মজিদ কলেজের পরীক্ষার্থীরা অর্জন করে নিয়েছে ১১টি স্থান। যার মাঝে রয়েছে বাণিজ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান। দাউদকান্দি থানার জুরানপুর আদর্শ কলেজের পরীক্ষার্থীরা মানবিক বিভাগে যুগ্মভাবে প্রথম স্থানটিসহ ৭টি স্থান পেয়েছে। মুরাদনগর থানার কোম্পানিগঞ্জ বদিউল আলম কলেজ বাণিজ্য বিভাগে ১টি, শ্রীকাইল কলেজ ১টি, বরুড়া থানার পয়ালগাছা ডিগ্রি কলেজ ১টি ও হোমনা থানার হোমনা কলেজ মেধা তালিকায় ১টি স্থান অর্জন করেছে।

জেলা সদরের বাইরের কলেজগুলো নকলের সুবর্ণ সুযোগের জন্য খ্যাতিলাভ করলেও এর ব্যতিক্রমের উদাহরণ হচ্ছে এ কলেজগুলো। বিশেষ করে অধ্যাপক আবদুল মজিদ কলেজ ও জুরানপুর আদর্শ কলেজ প্রতিবছরই এধরনের সাফল্য অর্জন করে আসছে। এর কারণ হচ্ছে চমৎকার ব্যবস্থাপনা, লেখাপড়ার পরিবেশ, শিক্ষকদের দায়িত্ববোধ এবং নকলের বিরুদ্ধে দৃঢ় অবস্থান। জেলা সদরের এমনকি দেশের অন্যান্য নামিদামী সরকারি কলেজগুলোর জন্য এ দুটি কলেজ অনুকরণীয় দৃষ্টান্ত হতে পারে।